# পরিবর্তনের জন্য ঘরে ঘরে নির্বাচনী বার্তা পৌঁছে দেওয়ার আহ্বান: হাসনাত




নির্বাচনি জনসভায় এনসিপির দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আবদুল্লাহ। ছবি: সংগৃহীত

ঘরে ঘরে ভোটের আহ্বান হাসনাত আবদুল্লাহর

কুমিল্লা-৪ আসনে ১১ দলীয় জোটের প্রার্থী হাসনাত আবদুল্লাহ বলেছেন, এখন সময় প্রত্যেক ভোটারের ঘরে ঘরে পৌঁছে দাঁড়িপাল্লার দাওয়াত দেওয়ার। দুর্নীতিবাজদের আর কোনো স্থান হবে না; ভোট চাইয়েই পরিবর্তন আনা সম্ভব।

বৃহস্পতিবার বিকেলে ব্রাহ্মণপাড়া উপজেলার চান্দলা করিম বক্স স্কুল মাঠে বাংলাদেশ জামায়াতে ইসলামী ও ১১ দলীয় জোটের নির্বাচনি জনসভায় তিনি বলেন, যারা ভোটকেন্দ্র দখল করতে চায়, তাদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়ে তুলতে হবে। তিনি জোর দিয়ে বলেন, আগামী নির্বাচনে ১১ দলীয় জোট বিজয়ী হবে এবং একটি পরিবর্তিত বাংলাদেশ গড়ে উঠবে।

সভায় সভাপতিত্ব করেন চান্দলা ইউনিয়নের জামায়াতে ইসলামীর আমির অধ্যাপক আমিরুল ইসলাম। কুমিল্লা-৫ আসনের জামায়াত প্রার্থী ড. মোবারক হোসাইন বলেন, জনগণ একটি পরিবর্তিত সমাজ চায় এবং দুর্নীতিবাজদের আর কোনো স্থান থাকবে না। প্রধান অতিথি ছিলেন কুমিল্লা জেলা উত্তরের আমির অধ্যাপক আব্দুল মতিন।

অন্যান্য উপস্থিত ছিলেন কুমিল্লা উত্তর জামায়াতের সেক্রেটারি সাইফুল ইসলাম শহীদ, জেলা ছাত্রশিবির সভাপতি সানাউল্লাহ রাসেল, চবি সোহরাওয়ার্দী হলের ভিপি মো. নেয়ামত উল্লাহ ফারাবী, এবং বিভিন্ন ইউনিয়ন থেকে ১১ দলীয় জোট ও জামায়াতে ইসলামীর নেতারা।

জনসভায় বক্তারা সবাইকে অবাধ ও নিরপেক্ষ নির্বাচন নিশ্চিত করতে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান এবং মাঠপর্যায়ে সক্রিয় হয়ে জনমত গড়ে তোলার গুরুত্বের ওপর জোর দেন।